

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:13-08-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Election results Panchayet:**

কড়া নিরাপত্তার মধ্য দিয়ে বিভিন্ন ব্লকে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা চলছে বলে জানা গেছে। রাজ্য নির্বাচন কমিশন থেকে গতকাল রাতে জানানো হয় জিলা পরিষদের ৩১ টি আসনের ফল ঘোষণা করা হয়েছে। তাতে সবকয়টি আসনেই জয় লাভ করেছেন ভারতীয় জনতা পার্টির প্রার্থীরা। পঞ্চায়েত সমিতিতেও ৩১টি আসনের ফল ঘোষণা করা হয়েছে। তাতে ২৯ টি আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থীরা জয়লাভ করেছেন। ২ টি আসনে জয়লাভ করেছেন CPI (M) প্রার্থীরা। গ্রাম পঞ্চায়েতের ১২২ টি আসনের ফল ঘোষণা করা হয়। তার মধ্যে ৯৪ টি আসনে BSF প্রার্থীরা জয়ী হয়েছেন। ৯ টি আসনে CPI (M) ১৪ টি আসনে তিপ্রামাথা পার্টি এবং ৫টি আসনে নির্দল প্রার্থীরা জয়লাভ করেছেন।

\*\*\*\*\*

**HAR GHAR TIRANGA :**

স্বাধীনতা দিবস উপলক্ষে হর ঘর তিরঙ্গা কর্মসূচীতে আজ থেকে নিজ নিজ বাড়ি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সরকারী সূত্রে জানানো হয়, আজ থেকে স্বাধীনতা দিবসের দিন অর্থাৎ আগামী ১৫ ই আগস্ট পর্যন্ত জাতীয় পতাকা উত্তোলন

করা হবে। তাছাড়া, আজ থেকে রাজ্যের বিভিন্ন জায়গায় তিরঙ্গা সেলফি পয়েন্ট খোলা হবে। এই সেলফি পয়েন্টগুলোতে জাতীয় পতাকা সঙ্গে নিয়ে সেলফিতে ফটো তলার জন্য জনগনের প্রতি আহ্বান জানানো হয়েছে। এসব ফটো হরঘর তিরঙ্গা ডট কম ওয়েবসাইটে আপলোড করা যাবে।

\*\*\*\*\*

### **হর ঘর রেলি:**

হর ঘর তিরঙ্গা কর্মসূচী উপলক্ষে আজ সকালে আগরতলার নাগের জলা মোটর স্ট্যান্ড থেকে ভেহিকেল রেলির আয়োজন করা হয়েছে। রেলির উদ্বোধন করবেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

\*\*\*\*\*

### **CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা গতকাল বিজেপির টাউন বড়দোয়ালি মন্ডলের উদ্যোগে আয়োজিত হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে অংশ নেন। গতকাল বটতলা বাজার সংলগ্ন শিব মন্দিরে স্বচ্ছ ভারত অভিযান করা হয়। উপস্থিত ছিলেন আগরতলার পুর মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ। মুখ্যমন্ত্রী স্বচ্ছ পরিবেশের মধ্যে নিজেদের অর্জিত স্বাধীনতা উদযাপন করার উপর জোর দেন।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga :**

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে হর ঘর তিরঙ্গা অভিযানের অঙ্গ হিসেবে রাজ্যে গতকাল বিভিন্ন জেলায় পদযাত্রার আয়োজন করা হয়। আগরতলায় গতকাল সকালে উমাকান্ত একাডেমি প্রাঙ্গন থেকে যুব কর্মসূচী ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত পদযাত্রার সূচনা করেন যুব কর্মসূচী ও ক্রীড়া সচিব ড: প্রদীপ চক্রবর্তী। পদযাত্রায় অংশগ্রহণকারী প্রত্যেকের হাতে হাতে ছিল তিরঙ্গা জাতীয় পতাকা। সচিব ড: চক্রবর্তী হর ঘর তিরঙ্গা কর্মসূচীতে সামিল হওয়ার জন্য রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

**EPF:**

Employes Provident fund Organisation EPFO এর পক্ষ থেকে আজ EPF ট্রান্সফার নিয়ে পঞ্চমবারের জন্য সরাসরি আলোচনার আয়োজন করা হয়েছে। পেনশন ভোগীদের বিভিন্ন পরিসেবা নিয়ে অবহিত করাই হলো এই আলোচনার উদ্দেশ্য। এই আলোচনা EPFO -র সরকারী সামাজিক মাধ্যমে সরাসরি প্রচারিত হবে। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক থেকে জানানো হয়। এই আলোচনায় EPF স্থানান্তর এর প্রতিক্রিয়া এবং অংশগ্রহন কারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হবে। বিশেষজ্ঞরা এই আলোচনা ও প্রশ্নোত্তরে অংশ নিবেন। পেনশন ভোগীদের জীবন যাত্রায় স্বাচ্ছন্দ্য নিশিত করা ও এই সরাসরি আলোচনার অন্যতম এক উদ্দেশ্য বলে জানানো হয়।

\*\*\*\*\*

**PM-Surya :**

সরকার গতকাল প্রধানমন্ত্রী-সূর্য ঘর-মুফত বিজলি যোজনার অধীনে মডেল সোলার ভিলেজ বাস্তবায়নের জন্য কার্যকরী নির্দেশিকা জারি করেছে। নতুন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রক একটি বিবৃতিতে বলেছে যে এই প্রকল্পের অধীনে সারা দেশে প্রতি জেলায় একটি মডেল সোলার ভিলেজ তৈরির উপর জোর দেওয়া হয়েছে। মন্ত্রক বলেছে যে এর জন্য মোট ৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, নির্বাচিত মডেল সোলার ভিলেজ প্রতি ১ কোটি টাকা করে ধার্য করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Nesha Mukh Bharat :**

সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক গতকাল দেশ জুড়ে নেশা মুক্ত ভারত অভিযানের অধীনে মাদকের অপব্যবহারের বিরুদ্ধে একটি গণ শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করেছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী ডঃ বীরেন্দ্র কুমার গতকাল নতুনদিল্লিতে শপথবাক্য পাঠ করান। এ বছরের ভাবনা হল "ভিক্ষিত ভারত কা মন্ত্র, ভারত হো নেশে সে স্বতন্ত্র" অর্থাৎ "বিকশিত ভারতের মন্ত্র, নেশা মুক্ত ভারত"।

\*\*\*\*\*

#### **Killa football :**

কিল্লায় জয়িং কামি মাঠে আয়োজিত ফুটবল প্রতিযোগিতায় গতকাল কাউর কামি দল ২-০ গোলে পরাজিত করেছে কুঞ্জমারা দলকে। দলের পক্ষে সমীর জমাতিয়া গোল দুটি করেন। এই জয়ের ফলে আসরে কোয়ার্টার ফাইনালে উঠেছে কাউর কামি দল। খেলা পরিচালনা করেন মন্ত্রী মোহন জমাতিয়া।

\*\*\*\*\*

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হতে পারে । আজ সকাল পর্যন্ত আগরতলা ও তার আশেপাশে গত প্রায় ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৭৭ মিলিমিটার । আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রীর কাছাকাছি ।

\*\*\*\*\*

\*\*\*\*\*

